দৈনিক ইত্তেফাক

তারিখ 30 NOV 1993
পৃষ্ঠা ৭ কলাম ৭

# সন্ত্রাস দমন প্রশ্নে ঢাকা ভার্সিটির ভিসির সহিত ছাত্র নেতৃবৃন্দের বৈঠক

গতকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক এমাজউদ্দিন আহমদের সভাপতিত্বে সকল ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের এক সভা অনুষ্ঠিত হয়। সভায় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য, আবাসিক হলসমূহের প্রভোষ্টগণ, প্রক্টর ও সহকারী প্রক্টরগণ উপস্থিত ছিলেন। সভায় বিশ্ববিদ্যালয়ের বর্তমান পরিস্থিতি সম্পর্কে বিস্তারিত আলোচনার

(শেষ পৃঃ ৩-এর কঃপ্রঃ)

## সন্ত্রাস দমন প্রশ্নে

(১ম পৃঃ পর)

পর কতিপয় সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। সভায় গত ১লা নভেম্বর বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের অভ্যন্তরে সংঘটিত হত্যাকাণ্ড এবং গত ২২শে নভেম্বর দুষ্কৃতকারী কর্তৃক বিশ্ববিদ্যালয়ের ছাত্র অলক কান্তি পাল-এর হত্যাকাণ্ডের তীব্র নিন্দা জ্ঞাপন এবং অবিলম্বে নিরপেক্ষ তদন্তের মাধ্যমে প্রকৃত হত্যাকারীদের সনাক্ত করিয়া উপযুক্ত শাস্তি বিধানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট আহ্বান জানান হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী যে সকল ছাত্র সংগঠনে অস্ত্রধারী/সন্ত্রাসকারী রহিয়াছে সেসব সংগঠন স্ব স্ব দলকে অস্ত্রধারী/সন্ত্রাসকারীদের কবল হইতে মুক্ত করার চেষ্টা করিবে।

কোন ছাত্র অস্ত্রধারী/সন্ত্রাস সৃষ্টিকারী প্রমাণিত হইলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাহার/তাহাদের বিরুদ্ধে শৃঙ্খলা-বিরোধী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করিলে উহার বিরুদ্ধে কোন আপত্তি কেহ উত্থাপন করিবে না। সভায় জাতীয় পর্যায়ের রাজনৈতিক দলসমূহকে তাহাদের সংশ্লিষ্ট সংগঠন হইতে অস্ত্রধারীদের বহিষ্কার করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান হয়।

—প্রেস বিজ্ঞপ্তি